উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## জানুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ। |
| সভার তারিখ | : ২৭/১/২০২২ খ্রি: |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ডিসেম্বর/২০২১ মাসের | ১৬৫০০/- |

| | | | |
|---|---|---|---|
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ডিসেম্বর/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য ডিসেম্বর/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ইতিপূর্বে দাখিলীয় প্রকল্পের তালিকা (পরিশিষ্ট-খ) যাচাই বাছাইয়ান্তে সভায় উপস্থাপন করা হয়। দাখিলীয় প্রকল্পগুলি সঠিক থাকায় বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাগলা সিএন্ডবি রোড হয়ে মাদ্রাসার পূর্ব দিক হয়ে পাগলা বীরগাঁও রোড পর্যন্ত রাস্তা এবং সুলতানপুর হতে আস্তমা পর্যন্ত রাস্তার কাজ চলমান। শান্তিগঞ্জ –রজনীগঞ্জ রাস্তা ২৪ ফুট প্রশস্তকরণের কাজও শুরু হবে কিন্তু এর দুইপাশে বেশ পুরাতন কিছু গাছ থাকার কারণে কাজ করতে সমস্যায় পরতে হবে। গাছসমূহ কাটার ব্যবস্থা করা খুব দরকার। এছাড়া দরগাপাশা ইউনিয়নের বাংলাবাজারে শেড নির্মাণের জন্য বিকল্প জায়গা বের করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, ইদানিং রাস্তার পাশে ব্যক্তিমালিকানাধীণ পুকুর খনন বৃদ্ধি পাচ্ছে যা রাস্তার জন্য ক্ষতিকর। কাজেই এরকম ক্ষেত্রে নিজ খরচে গাইডওয়াল করতে হবে। সবশেষে, দিন দিন অফিসের সংখ্যা ও কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় তিনি উপজেলা পরিষদ ভবনের উর্ধ্বমুখী সম্পসারণ প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে তাদের সংশ্লিষ্ট এলাকার সকল রাস্তার সমন্বিত তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বলেন যে, ২০২১-২২ অর্থবছরের ৭ মাস অতিবাহিত হলেও এডিপির প্রকল্পসমূহের অগ্রগতি খুবই হতাশাব্যাঞ্জক। এ বিষয়ে তিনি উক্ত কমিটির সদস্য সচিবের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন যে, অত্র উপজেলায় ২০১৩ সালের পর থেকে কোন বাজারের উন্নয়ন কাজ হয় নি। গত আগস্ট ২০২১ মাসে বাজারের উন্নয়ন কাজের উদ্যোগ নিলেও তার প্রাক্কলন তৈরিতে অনেক সময়ক্ষেপন করা হয়েছে। উপরন্তু এখনও কাজ শুরু করা যায় নি। বিভিন্ন বাজারের নির্মাণ কাজ শুরু করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী তাকে আশ্বস্ত করেন যে, ফেব্রুয়ারি মাসের মধ্যে বাজারসমূহের উন্নয়ন কাজ | ১। দাখিলীয় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্প (পরিশিষ্ট-খ) নীতিমালা অনুযায়ী যাচাই বাছাইয়ান্তে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। শান্তিগঞ্জ –রজনীগঞ্জ রাস্তার গাছ কর্তনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। এডিপির প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>৪। ফেব্রুয়ারি মাসের মধ্যে বাজারসমূহের উন্নয়ন কাজ সম্পন্ন করতে হবে।<br><br>৫। উপজেলা পরিষদ ভবনের উর্ধ্বমুখী সম্পসারণের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>৬। ইউনিয়ন সমূহের সকল রাস্তার সমন্বিত তালিকা প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর উপজেলাওয়ারী ১ম পর্যায় নন সোলার খাতে ২৮,৩০,৯৫২.৫৩/-টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত টাকার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প তালিকা অনুমোদন পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর উপজেলাওয়ারী ১ম পর্যায় নন সোলার খাতে ৫৯.৯০২১ মে.ট (চাউল) বরাদ্দ পাওয়া গেছে।বরাদ্দকৃত টাকার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প তালিকা অনুমোদন পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর উপজেলাওয়ারী ১ম পর্যায় নন সোলার খাতে ৫৯.৯০২১ মে.ট (গম) বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত টাকার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প তালিকা অনুমোদন পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ের প্রকল্প তালিকা , নন-ওয়েজ প্রকল্প তালিকা ও উপকারভোগীর নামের তালিকা, একাউন্ট নম্বর দাখিলের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) টি আর ২য় পর্যায়ের তালিকা জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে।<br>২) উপজেলা পরিষদ ভবন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবন, গেজেটেড কোয়াটার ও অন্যান্য কোয়াটার সিসি ক্যামেরার আওতায় আনতে হবে।<br>৩. ৩য় পর্যায়ের টি আর বরাদ্দ হতে বজ্র নিরোধক দন্ড স্থাপন করার নির্দেশনা রয়েছে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ০৪ টি ইউনিয়ন পরিষদে পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে। ডুংরিয়া গ্রামে প্রকল্পটি চলমান এবং শিমুলবাক ইউনিয়নে প্রকল্প গ্রহণ কর হবে। চেয়ারম্যান, দরগাপাশা জানান যে, মীনা বাজারের টয়লেট নির্মাণের কাজে নিম্ন মানের খোয়া ও কংক্রীট ব্যবহার করা হচ্ছে। বিভিন্ন ইউনিয়নে ছোট পানির ট্যাংক নির্মাণ করার নিমিত্তে জায়গা নির্ধারণ করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১) নির্মাণ কাজে যেন নিম্ন মানের সামগ্রী ব্যবহার করা না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>২) ছোট পানির ট্যাংক নির্মাণ করার নিমিত্তে জায়গা নির্ধারণ করতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, হাওরে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ১৮১৯০ হেঃ। অর্জিত হয়েছে ১৮৩১৫ হেঃ। লক্ষ্যমাত্রার চেয়ে ২৫ হেঃ বেশি আবাদ হয়েছে। হাওরের বাহিরে বোরো আবাদের লক্ষমাত্রা ৩৯১০ হেঃ এখন পর্যন্ত আবাদ হয়েছে ৩৮৫২ হেঃ । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১) কৃষকদের সঠিক পরামর্শ প্রদানের মাধ্যমে বোরো আবাদের ফসল উৎপাদন বৃদ্ধি করতে হবে।<br>২) ফসল রক্ষা বাধ নির্মাণ কাজ তদারকি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, “Community Based climate Resilient Fisheries and Aquaculture Development in Bangladesh” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় পাইলটিং কার্যক্রম শুরু হবে এ বিষয়ে উপজেলা প্রশাসনের অনাপত্তি সনদ প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অনাপত্তি সনদ এর ব্যবস্থা করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত ডিসেম্বর/২১ মাসে বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মোট ০৪ টি এনএসবি ও ইমপ্লান্ট ক্যাম্প আয়োজন করা হয়। সবকয়টি ইউনিয়নে সেটেলাইট ক্লিনিক, উঠান বৈঠক এবং মা সমাবেশের আয়োজন করা হয়। তাছাড়া নিয়মিতভাবে গর্ভবতী মহিলাদের এনসি ও পিএনসি সেবাসহ বিভাগীয় সকল সেবা প্রদত্ত হচ্ছে। দম্পত্তির সংখ্যা ২৯৫১৪ জন গ্রহীতার সংখ্যা ২৩৩৬১ এবং গ্রহীতার হার ৭৯.১৫% | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>২. জন্ম নিবন্ধনের স্থায়ী পদ্ধতির অপারেশন এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে খালি থাকা সাপেক্ষে একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে ১৪৮০ মাত্রা গবাদিপশুকে ভ্যাকসিন প্রদান করা হয়। পোল্টি চিকিৎসা করা হয়েছে ২৮০০ টি গবাদি পশুরচিকিৎসা করা হয়েছে ১০০৫ টি। দরগাপাশা ইউনিয়নের আমরিয়া গ্রামে ৩৫০ টি গরুকে তর্কা ভ্যাকসিন দেওয়া হয়। ডেইরি উন্নয়ন প্রকল্প প্রদর্শনী মেলা রয়েছে। সভায় চেয়ারম্যান দরগাপাশা ইউপি জানান যে, গ্রাম অঞ্চলে ইদানিং তর্কা রোগে হাঠাৎ গরু মারা যায়। কি রোগে এবং এই ধরণের রোগের ভ্যাকসিন আছে কি না এ বিষয়ে গরুর খামারী/কৃষকদের মাঠকর্মীদের মাধ্যমে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য অনুরোধ করেন। সভায় প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে এ ধরণের রোগের যথেষ্ট ভ্যাকসিন মজুদ আছে। গৃহপালিত পশু পাখির এ ধরণের রোগ বালাই দেখা দিলে সাথে সাথে অত্র অফিসকে অবহিত করার সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১) গৃহপালিত পশু পাখিদের সঠিক সময়ে ভ্যাকসিন প্রদান করতে হবে।<br>২) চেয়ারম্যানদের সহায়তায় বিভিন্ন ইউনিয়নে টীকাদান ক্যাম্প পরিচালনা করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, করোনা ভাইরাস ও অমিক্রণ এর কারণে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ৬৩ টি স্কুলে ওয়াশ ব্লক বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ওয়াশ ব্লক এর বরাদ্দ ৪০,০০০/-টাকা।<br>তিনি আরো বলেন যে, অত্র উপজেলায় ৯৭ টি প্রাথমিক বিদ্যালয় থাকলেও সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার মাত্র ১ জন। অবিলম্বে নতুন পদ সৃষ্টি করা সহ শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১. প্রাথমিক শিক্ষার্থীদের অনলাইন ক্লাস চালু করতে হবে।<br>২। শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা শিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ শুরুতেই ইউএনও কে ধন্যবাদ জ্ঞাপন করেন মাধ্যমিক শিক্ষকদের মানোন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করায়। সভাকে অবহিত করেন যে, কোভিড-১৯ ও ওমিক্রন পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকল মাধ্যমিক বিদ্যালয় শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। সকল শিক্ষার্থীকে করোনার টীকা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় তিনি জানান যে, ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্টানে উপজেলা পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনার জন্য ১৭/১/২০২২ তারিখে স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারি নির্দেশনা মেনে যথাযথ স্বাস্থ্যবিধি | ১. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধনের সহযোগিতা করতে হবে এবং ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে।<br>২। মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে।<br>৩. বিল ভাউচার দাখিল সাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল থেকে ৪০,০০০/ (চল্লিশ হাজার) (ভ্যাটসহ) টাকা পরিশোধ করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উক্ত প্রতিযোগিতা পরিচালনার জন্য সরকারি কোন বরাদ্দ না থাকায় ব্যয় পরিশোধের জন্য উপজেলা রাজস্ব তহবিল থেকে ৪০,০০০/ (চল্লিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য মাসিক সভায় উপস্থাপন করেন। | | |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। দীর্ঘদিন যাবত উপজেলা সমবায় অফিসে অস্বাভাবিকভাবে বিদ্যুৎ বিল আসে। এ বিষয়ে একাধিকবার উপজেলা বিদ্যুৎ অফিসে যোগাযোগ করা হলেও কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এ বিষয়ে সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় ০২ মাস ব্যাপী মোটর ড্রাইভিং ও কম্পিউটার গ্রাফিক্স বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>উপজেলা চেয়ারম্যান বলেন যে, পশ্চিম পাগলা ইউনিয়নের নুরুল হক নামে এক সমবায়ী গ্রামের লোকজনের কাছ থেকে তহবিল সংগ্রহ করছে যা মোটেও উচিত নয়। বিষয়টি নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সমবায় কর্মকর্তাকে অবহিত করেন। | ১. অস্বাভাবিকভাবে বিদ্যুৎ বিল এর বিষয়ে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ ও ইতিপূর্বে দাখিলকৃত বিল যাচাই করতে হবে।<br>২। পশ্চিম পাগলা ইউনিয়নের সমবায়ি নুরুল হকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, মার্চ-এপ্রিল, সেপ্টেম্বর, নভেম্বর মাসে ১০ টাকা কেজি চাউল ডিলারের মাধ্যমে প্রদান করা হচ্ছে তবে তালিকাটি হালনাগাদ এর মাধ্যমে নতুন উপকারভোগী নির্বাচন করা প্রয়োজন। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১০ টাকা কেজি চালের উপকারভোগীদের তালিকা ১৫ ফেব্রুয়ারির মধ্যে হালনাগাদ করতে হবে। | |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুস্পস্থিত ছিলেন। তার পরিবর্তে পরিসংখ্যান সহকারি জানান তাদের কোন কর্মকান্ড চলমান নেই। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, শান্তিগঞ্জ উপজেলা সংক্রান্ত সকল পরিসংখ্যান ইউএনও অফিসে ২ ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করতে হবে। | শান্তিগঞ্জ উপজেলা সংক্রান্ত সকল পরিসংখ্যান ইউএনও অফিসে ২ ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ৮ টি ইউনিয়নে ১৬ জন আনসার কর্মরত আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, তাদের কর্মতৎপড়তার অভাব রয়েছে। ইউনিয়নের মাদক, সন্ত্রাস ও জংগীবাদ সংক্রান্ত তথ্য উপজেলা প্রশাসনকে নিয়মিত প্রদান করতে হবে। | ইউনিয়নের মাদক, সন্ত্রাস ও জংগীবাদ সংক্রান্ত তথ্য উপজেলা প্রশাসনকে নিয়মিত প্রদান করতে হবে। | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় | কোন সিদ্ধান্ত নেই | |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | চলছেন | | |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় উপজেলা পরিষদের পক্ষ হতে নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের পক্ষ হতে ডায়েরী ও উপজেলা পরিষদের পক্ষ হতে ফুল দিয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ও ভাইস চেয়ারম্যানবৃন্দ নবাগত ইউপি চেয়ারম্যানগণকেবরণ করেন। ইউপি চেয়ারম্যানগণকে বলেন যে, জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের স্বপ্নের শান্তিগঞ্জ উপজেলার কাংঙ্খিত লক্ষ্য অর্জনে কাজ করতে হবে। জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের ঐকান্তিক চেষ্টায় আমরা শান্তিগঞ্জ উপজেলায় বিটাকের অনুমোদন পেয়েছি। এ বিষয়ে উপজেলা পরিষদের পক্ষ হতে জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার নব নির্বাচিত ইউপি চেয়ারম্যনবৃন্দগণকে ইউনিয়ন পরিষদের গঠন , কাঠামো এবং ইউনিয়ন পরিষদের কার্যাবলী সম্পর্কে অবহিত করেন। সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ইউপি চেয়ারম্যনবৃন্দকে জনগণের জন্য নিরলসভাবে কাজ করার জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদের মাসিক সভার সংরক্ষিত মহিলা সদস্য নির্বাচন করে নামের তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়।<br>(খ) সভায় সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের পক্ষ হতে জয়কল ইউপির চেয়ারম্যান শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। বক্তব্যে তিনি জানান যে, উপজেলা পরিষদের সহযোগিতায় আগামী ০৫ বছর সরকারি নির্দেশনা মেনে একসাথে মিলেমিশে জনগণের জন্য কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। এ বিষয় সভায় সহযোগিতা কামনা করেন।<br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ বলেন মুজিববর্ষের ঘর নির্মাণের জন্য দরগাপাশার সিচনি নামক স্থানটি উপজেলা চেয়ারম্যান ও প্রকৌশলী সহযোগে পরিদর্শন করা হয়েছে। সবাই উপযুক্ত মনে করলে সেখানে আরও ৩০ টির মতো ঘর নির্মাণ করা | ১. কোন সিদ্ধান্ত নেই<br>২. কোন সিদ্ধান্ত নেই<br>৩. আগামী মাসিক সাধারণ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | ১.উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপযুক্ত মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, ফসল রক্ষা বাঁধ ও মুজিববর্ষের ঘর নির্মাণের কাজ চলমান আছে। সকলকে তিনি কাজগুলো পরিদর্শনের আহবান জানান।<br>(ঘ) সভায় মহিলা ভাইস চেয়ারম্যান,শান্তিগঞ্জ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ (উপজেলা -২ শাখা) এর ১২/০৯/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬ .২০১৯-৪৯৪ নং স্মারকের সংশোধিত পরিপত্রটি উপস্থাপন করেন। তিনি বলেন যে,সংশোধিত পরিপত্র অনুযায়ী উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% নারী উন্নয়ন অর্থ “নারী উন্নয়ন ফোরাম” এর জন্য বরাদ্দ প্রদান এবং পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়ন করা নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>(ঙ) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকারবিভাগ (উপজেলা-২শাখা)এর ১০/৮/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারকে প্রাপ্ত পত্রটি উপস্থাপন করেন। উপজেলা পরিষদের জীপগাড়ির জালানি খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণ সংক্রান্ত পত্রটির বিষয়ে সভায় আলোচনা করা হয়। পত্রে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবন পার্বত্য জেলার উপজেলাসমূহ ব্যতিত অন্যান্য সকল উপজেলা পরিষদের জীবগাড়ির জালানি খরচ/ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত বকেয়া বিল (ভ্যাটসহ) ৮০,৮৭৯/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(চ) চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি সভায় জানান যে, পাগলা বাজারে পাগলা –বীরগাও রোডের পূর্বপাশে মসজিদের সামনে থেকে শুরু করে ইউনিয়ন ভূমি অফিস, পাগলা পর্যন্ত প্রচন্ড যানজট লেগে থাকে। উক্ত রাস্তায় অপ্রয়োজনে রিক্সা, সিএনজি, লেগুনা দাঁড়িয়ে থাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>(ছ)সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকারবিভাগ (উপজেলা-২শাখা) এর১২/৮/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-১০ নং স্মারকে প্রাপ্ত পত্রটি উপস্থাপন করেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা খাতে প্রতি অর্থ বছর বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ দ্বারা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ করে উপজেলা পরিষদ কতৃক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়ে থাকে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে দেরিতে প্রকল্প গ্রহণ করার কারণে আর্থিক বছরের শেষ পর্যায়ে অর্থ ছাড়সহ প্রকল্প বাস্তবায়নে নানা জটিলতার সৃষ্টি হয়। | ৪. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ (উপজেলা -২ শাখা) এর ১২/০৯/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-৪৯৪ নং স্মারকের সংশোধিত পরিপত্র অনুযায়ী উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% নারী উন্নয়ন অর্থ “নারী উন্নয়ন ফোরাম” এর জন্য বরাদ্দ প্রদান এবং পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।<br>৫. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত বকেয়া বিল (ভ্যাটসহ) ৮০,৮৭৯/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>(৬) পাগলা –বীরগাও রোডের মসজিদের সামনে থেকে ইউনিয়ন ভূমি অফিস পর্যন্ত অপ্রয়োজনে কোনো ধরণের যানবাহন যেন পার্কিং না করা হয় এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৭) আর্থিক বছরের শুরুতেই উপজেলা পরিষদ কতৃক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮.পূর্ববীরগাও ইউনিয়নের বীরগাও ইমদাদুল হক উচ্চ বিদ্যালয়ের সংস্কার এর ২৫,০০০/-(ভ্যাট আইটিসহ) টাকা উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধ | ২. চেয়ারম্যান, পরিষদ,শান্তিগঞ্জ<br>৩. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ।<br>৪.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ।<br>৬. সহকারী কমিশনার (ভূমি),শান্তিগঞ্জ।<br>৭.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৮. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | এতে উন্নয়ন কাজে গুনগত মান ক্ষতিগ্রস্ত হয়। কোন কোন ক্ষেত্রে বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয় করা সম্ভব হয়না। উন্নয়ন কাজের গুনগত মান বজায় রাখাসহ স্বচ্চতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের সুবিধার্থে প্রতি অর্থ বছরের শুরুতেই পরিকল্পনা প্রণয়ণসহ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা সত্বেও অনেকাংশেই অত্র উপজেলা পরিষদ কতৃক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণে বিলম্ব পরিলক্ষিত হয়। দেরিতে প্রকল্প গ্রহণ করার কারণে আর্থিক বছরের শেষ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নে নানা জটিলতার সৃষ্টি হয় এবং প্রকল্প সরেজমিন পরিদর্শন করা সম্ভব হয়না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সরকারি নির্দেশনা বাস্তবায়নে অনুরোধ করা হয়।<br>(জ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, পূর্ববীরগাও ইউনিয়নের বীরগাও ইমদাদুল হক উচ্চ বিদ্যালয়ের সংস্কার কাজ চলমান রয়েছে। বরাদ্দের অভাবে একটি কক্ষের দেওয়ারল মেরামত ও বাউন্ডারী দেওয়াল রং করতে পারছেনা। উক্ত মেরামত বাবদ ২৫০০০/- (পচিঁশ হাজার) টাকা প্রয়োজন মর্মে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক জানান। উক্ত মেরামত বাবদ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | করতে হবে। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29-2-2022

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ৪৫(৫০)

তারিখ: ২৭ জানুয়ারি, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ।
০৭. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ ।
০৮. চেয়ারম্যান .................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ ।
০৯. জনাব/জনাবা.................................................................................................

29/01/22

(মোঃ আনোয়ার উজ্ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ